গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
www.mole.gov.bd

"নারায়ণগঞ্জ বন্দর ও চট্রগ্রাম কালুরঘাটে শ্রমজীবী মহিলাদের জন্য বহুতল হোস্টেল ও ০৫ শয্যার হাসপাতাল বিশিষ্ট শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের ৭ম পিএসসি সভার কার্যবিবরণী প্রেরণ ।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ২৩ নভেম্বর, ২০২১ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপস্থিতি | ০১. ড. সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ০২. গৌতম কুমার, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), শ্রম অধিদপ্তর ০৩. মোঃ ছায়েদুজ্জামান, অতিরিক্ত সচিব, কার্যক্রম বিভাগ ০৪. মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক ( অতিরিক্ত সচিব ), সেক্টর ০৫ ,আইএমইডি, ০৫. শিরীন রুবী , যুগ্মসচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ০৬. মোহাম্মদ ওয়ালিদ হোসেন, যুগ্মসচিব , অর্থবিভাগ ০৭. তাহেরা হক, উপসচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন ০৮. শরীফ মোঃ ফরহাদ হোসেন, উপসচিব (পরিকল্পনা) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ০৯. আবু আশরীফ মাহমুদ, প্রকল্প পরিচালক ১০. কর্নেল মোঃ আরেফিন তালুকদার, প্রকল্প পরিচালক, ডিপিএম সেল, সেনাকল্যাণ সংস্থা ১১. মোছাঃ দেলোয়ারা খাতুন, সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান । মন্ত্রণালয়ের উপসচিব (পরিকল্পনা) শরীফ মোঃ ফরহাদ হোসেন প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরে জানান প্রকল্পটির মেয়াদকাল এপ্রিল, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১ ও প্রাক্কলিত ব্যয় ১১৪০০.৪৪ লক্ষ টাকা। প্রকল্পটির মূল উদ্দেশ্য কর্মজীবী মহিলা শ্রমিকদের জন্য স্বল্প ব্যয়ে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আবাসনের জন্য হোস্টেল নির্মাণ করা। তিনি আলোচ্যসূচির ক্রমানুসারে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন ।

**০২। আলোচনা:**

**ক) ৬ষ্ঠ পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন:**

প্রকল্পের ৬ষ্ঠ পিএসসি সভা গত ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় । কার্যবিরণীতে কোন সংশোধন বা পরিমার্জন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**খ) ৭ম পিআইসি সভার সিদ্ধান্ত ও সুপারিশ পর্যালোচনা:**

প্রকল্পের ৭ম পিআইসি সভা গত ২৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয় । উক্ত সভার সিদ্ধান্ত অনুসারে প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করা, আসবাবপত্র ও যন্ত্রপাতিসহ সকল ক্রয় কাজ দ্রুত সম্পন্ন করে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা এবং সেনাকল্যাণ সংস্থাকে কর্মপরিকল্পনা প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করা সহ প্রকল্পটির মেয়াদ ০৬ মাস বৃদ্ধির বিষয়ে সুপারিশ করা হয়।

**গ) প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পের ভৌত অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কাজ ডিপিপি অনুযায়ী যথাযথ ভাবে সম্পন্ন হচ্ছে। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৮৭%। প্রকল্পটির অনুকুলে ২০২১-২২ অর্থবছরে ৪১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। উক্ত এডিপি বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ১ম ও ২য় কিস্তি বাবদ ২০৭.৫ লক্ষ টাকা অর্থছাড় করা হয়েছে তবে কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পটির ক্রমপুঞ্জিত অগ্রগতি ৯৩৩৮.৬২ লক্ষ টাকা অর্থাৎ ডিপিপি'র প্রাক্কলন অনুযায়ী আর্থিক অগ্রগতি ৮২%। অর্থ বিভাগের প্রতিনিধি জানান প্রকল্পটির ছাড়কৃত অর্থ ব্যয় না হলে ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ ছাড় করা সম্ভব হবেনা। অর্থ ছাড় ও মেয়াদ বিষয়ক আইবাস++ এবং এএমএস এন্ট্রি আপডেট করা প্রয়োজন। নির্ধারিত সময় ডিসেম্বর ২০২১ এর মধ্যে প্রকল্প কাজ সমাপ্ত করতে ১৬৪৬.৮২ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন হবে। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) ড. সেলিনা আক্তার সভাকে জানান যে, মন্ত্রণালয়ের আবেদনের প্রেক্ষিতে পরিকল্পনা কমিশন প্রকল্পটির কাজ যথাযথভাবে সমাপ্তির জন্য প্রয়োজনীয় অতিরিক্ত ১৬৪৬.৮২ লক্ষ টাকা বরাদ্দের সুপারিশ করেছে।

**ঘ) প্রকল্প সংশোধন বা মেয়াদবৃদ্ধি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ:**

প্রকল্প পরিচালক জানান যে প্রকল্পটির ভৌত অগ্রগতি ৮৭% এবং এ অর্থবছরে এখন পর্যন্ত কোন অর্থব্যয় হয়নি। আগামি ০১ মাস সময়ে প্রকল্পের অবশিষ্ট কাজ সমাপ্ত করা সম্ভব হবেনা। বিধায় প্রকল্পের মেয়াদ ০৬ মাস বৃদ্ধি করা প্রয়োজন। তবে এ জন্য কোন অতিরিক্ত অর্থের প্রয়োজন হবেনা। গত পিআইসি সভায় এ বিষয়ে সুপারিশ করা হয়েছে। আইএমইডি প্রতিনিধি বলেন যে, সময় বৃদ্ধির বিষয়ে নির্দিষ্ট সময় উল্লেখ করে প্রকল্প পরিচালক প্রত্যয়ন দিবেন যে বর্ধিত সময়ে অবশিষ্ট কাজ যথাযথভাবে সমাপ্ত হবে। কার্যক্রম বিভাগের প্রতিনিধি জানান যে, প্রকল্পের মেয়াদবৃদ্ধির সিদ্ধান্ত হলে দ্রুততম সময়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয় বলেন যে, যথাসময়ে কাজটি শেষ করতে ০৬ মাস মেয়াদ বাড়ানো যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**০৩। সিদ্ধান্ত:**

প্রকল্পটি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**ক.** প্রকল্পের মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত বৃদ্ধির সুপারিশ করা হলো। এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে;

**খ.** অর্থব্যয়ের ছক সহ প্রকল্পের ৩য় ও ৪র্থ কিস্তির অর্থছাড়ে অর্থ বিভাগের সুপারিশ প্রদানের জন্য দ্রুত আবেদন করতে হবে;

**গ.** প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

**ঘ.** শ্রমজীবী মহিলা হোস্টেলের সুবিধাভোগী নির্বাচন বিষয়ে পত্রিকা বিজ্ঞপ্তি প্রদানসহ অন্যান্য কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে;

**ঙ.** প্রকল্পের আইবাস++এবং এএমএস এন্ট্রি আপডেট করতে হবে এবং

**চ.** প্রকল্পের অডিট সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট অডিট দপ্তরে পত্র দিতে হবে।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৭.১৪.০০৬.২১.৯ তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৮

০৪ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ

৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৭) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

৮) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৯) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর

১০) প্রকল্প পরিচালক, "নারায়ণগঞ্জ বন্দর ও চট্রগ্রাম কালুরঘাটে শ্রমজীবী মহিলাদের জন্য বহুতল হোস্টেল ও ০৫ শয্যার হাসপাতাল বিশিষ্ট শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণশ্রম অধিদপ্তর

১১) জনাব মোঃ রাশীদুল আলম, লে. কর্ণেল (অব:), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।

১২) জনাব মোঃ আরেফিন তালুকদার, কর্ণেল (প্রকল্প পরিচালক), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।

১৩) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ( কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ))

১৫) সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৬) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব